# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৬৪২

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৮. নামাযরত অবস্থায় অট্টহাসি সম্পর্কিত হাদীস এবং তার ত্রুটিসমূহ

## بَابُ أَحَادِيثِ الْقَهْقَهَةِ فِي الصَّلَاةِ وَعِلَلِهَا

আরবী

حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ ، نَا عَلِيُّ بْنُ ثَابِتٍ ، ح : وَحَدَّثَنَا أَبُو حَامِدٍ مُحَمَّدُ بْنُ هَارُونَ ، نَا مُحَمَّدُ بْنُ حَاتِمٍ الزِّمِّيُّ ، ثَنَا عَلِيُّ بْنُ ثَابِتٍ ، عَنِ الْوَازِعِ بْنِ نَافِعٍ الْعُقَيْلِيِّ ، عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ ، عَنْ جَابِرٍ : أَنَّ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ كَانَ يُصَلِّي بِأَصْحَابِهِ صَلَاةَ الْعَصْرِ ، فَتَبَسَّمَ فِي الصَّلَاةِ ، فَلَمَّا انْصَرَفَ ، قِيلَ لَهُ : يَا رَسُولَ اللَّهِ ، تَبَسَّمْتَ وَأَنْتَ تُصَلِّي ؟! قَالَ : فَقَالَ : " إِنَّهُ مَرَّ بِي مِيكَائِيلُ ـ عَلَيْهِ السَّلَامُ ـ وَعَلَى جَنَاحَيْهِ غُبَارٌ ، فَضَحِكَ إِلَيَّ ؛ فَتَبَسَّمْتُ إِلَيْهِ ، وَهُوَ رَاجِعٌ مِنْ طَلَبِ الْقَوْمِ

বাংলা

৬৪২(৬৬). আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... জাবের (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার সাহাবীদের নিয়ে আসরের নামায পড়ছিলেন। তিনি নামাযরত অবস্থায় মুচকি হাসলে। নামায শেষে তাকে বলা হলো, ইয়া রাসূলাল্লাহ! আপনি নামাযরত অবস্থায় মুচকি হাসি দিয়েছেন। রাবী বলেন, তিনি বললেন, আমার নিকট দিয়ে মীকাঈল (আঃ) অতিক্রম করেছেন, তার পাখায় ছিল ধুলাবালি। তিনি আমাকে দেখে হাসলেন এবং আমিও তাকে দেখে মুচকি হাসলাম। তিনি একটি সম্প্রদায়ের অনুসন্ধান করে ফিরে যাচ্ছিলেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80431

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন